# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭১১

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৪২. সফরকালীন দু’আ

## باب فِي الدُّعَاءِ إِذَا سَافَرَ

আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ حَسَّانَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ عَلِيِّ بْنِ عَبْدِ اللَّهِ الْبَارِقِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا سَافَرَ فَرَكِبَ رَاحِلَتَهُ كَبَّرَ ثَلَاثًا وَيَقُولُ سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلِبُونَ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ فِي سَفَرِي هَذَا الْبِرَّ وَالتَّقْوَى وَمِنْ الْعَمَلِ مَا تَرْضَى اللَّهُمَّ هَوِّنْ عَلَيْنَا السَّفَرَ وَاطْوِ لَنَا بُعْدَ الْأَرْضِ اللَّهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِي السَّفَرِ وَالْخَلِيفَةُ فِي الْأَهْلِ اللَّهُمَّ اصْحَبْنَا فِي سَفَرِنَا وَاخْلُفْنَا فِي أَهْلِنَا بِخَيْرٍ

বাংলা

২৭১১. ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সফর করতেন তখন সওয়ারীতে আরোহন করে তিন বার আল্লাহু আকবার বলতেন এরপর বলতেনঃ

“সুবহানাল্লাযী সাখখারা লানা হাযা ওয়ামা কুন্না লাহু মুক্বরিনীন। ওয়াইন্না-ইলা রব্বিনা লামুনক্বলিবুন। আল্লাহুম্মা! ইন্নী আসআলুকা ফী সাফারী হাযাল বিরর ওয়াত তাক্বওয়া ওয়া মিনাল আমলি মা তারদ্ব’। আল্লাহুম্মা হাওয়িন্ আলাইনাস সাফারা ওয়াত্বয়ি লানা বু’দাল আরদি। আল্লাহুম্মা আনতাস সাহিবু ফিস সাফার ওয়া খলিফাতু ফী আহলি; আল্লাহুম্মাসহ(মাসেহ)ৃবনা ফী সাফারিনা; ওয়াখলুফনা ফী আহলিনা বিখইরিন।”[1]

(অর্থ: হে আল্লাহ! আমার এই সফরে এমন নেকি তাকওয়া ও আমল প্রার্থনা করি যার উপর তুমি সন্তুষ্ট থাক। হে আল্লাহ! আমাদের উপর এই সফর সহজ করে দাও। আমাদের জন্য যমীনের দূরত্ব সংকুচিত করে দাও। হে আল্লাহ! তুমিই আমার সফরের সাথী আর পরিজনদের মাঝে স্থলবর্তী। হে আল্লাহ! আমাদের এ সফরে তুমি কল্যাণসহ আমাদের সঙ্গী হও আর আমাদের পরিজনদের মধ্যে আমাদের স্থলবর্তী হও।)

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, হাজ্জ ১৩৪২।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ২৬৯৫, ২৬৯৬ তে। সামনের ২৭২৫ নং এ এর কিয়দংশের টীকায় দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82996

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন